গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা

বিষয়: ভারত হতে অনুদান হিসেবে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ গ্রহণের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ক আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুল ইসলাম সুজন<br>মন্ত্রী |
| সভার তারিখ | ২২/১১/২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | সভা কক্ষ নং ৯৩০, রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো। |

**২.০ প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে ইন্টারচেঞ্জ ট্রাফিকের চাহিদা ব্যাপক বৃদ্ধি পেয়েছে। ইন্টারচেঞ্জ ট্রাফিক পরিবহণের নিমিত্ত ব্রডগেজ লোকোমোটিভের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয়তা রয়েছে। বাংলাদেশ ও ভারতের মাননীয় রেলপথ মন্ত্রী মহোদয়গণের মধ্যে গত ০১/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ রেলওয়েকে ২০টি বিজি লোকোমোটিভ অনুদান হিসেবে প্রদানের বিষয়ে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে গত ২৯-৩১ আগস্ট, ২০২২ এ ভারতের নয়াদিল্লীস্থ রেলভবনে অনুষ্ঠিত Inter Government Railway Meeting (IGRM) সভায় বাংলাদেশ রেলওয়েকে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ অনুদান হিসেবে প্রদানের বিষয়ে ভারত সরকার দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২ সচিব, রেলপথ মন্ত্রণালয় ভারত হতে ২০টি বিজি লোকোমোটিভ অনুদান হিসেবে প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান। অত:পর তিনি রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) কে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরুর অনুরোধ জানান।

২.৩ রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) সভার প্রেক্ষাপট উল্লেখ করে সভার আলোচ্যসূচী অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে মতামত প্রদানের আহবান জানান। প্রথমেই তিনি অনুদান হিসেবে ২০টি লোকোমোটিভ গ্রহণের নিমিত্ত ভারতীয় রেলওয়ের সাথে যোগাযোগের জন্য বাংলাদেশ রেলওয়ের মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্ম মহাপরিচালক (লোকো) কে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনের অনুরোধ করেন।

২.৪ যুগ্ম মহাপরিচালক (লোকো), বাংলাদেশ রেলওয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে ভারত হতে ২০টি লোকোমোটিভ গ্রহণের করণীয় বিষয়ে আলোকপাত করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২০২০ সালে ভারত হতে প্রাপ্ত ১০টি ব্রডগেজ লোকোমোটিভ পশ্চিমাঞ্চলে চলাচল করছে। উক্ত ১০টি লোকোমোটিভের Specification এর অনুরূপ বৈশিষ্ট্য সম্পন্ন লোকোমোটিভ এর প্রস্তাব এবারেও পাওয়া গিয়েছে। বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের যান্ত্রিক ও প্রকৌশল বিভাগ Specification এর বিষয়টি নিশ্চিত করবে।

২.৫ অতিরিক্ত মহাপরিচালক (আরএস) সভাকে অবহিত করেন যে, ২০২০ সালে লোকোমোটিভ গ্রহণ করার পূর্বে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি পরিদর্শন টিম গঠন করা হয়েছিল। পরিদর্শন টিম ভারতের বিভিন্ন লোকোসেডে সরেজমিনে কন্ডিশন পরিদর্শন পূর্বক লোকোমোটিভ নির্ধারণ করা হয়েছিল। অনুরূপভাবে একটি পরিদর্শন

টিম গঠন করে সরেজমিনে পরিদর্শন পূর্বক সুপারিশ প্রণয়নের বিষয়টি সভাকে অবহিত করেন।

২.৬ প্রসঙ্গত যুগ্ম-মহাপরিচালক (লোকো) উল্লেখ করেন যে, ২০২০সালে ১০টি লোকোমোটিভ অনুদান হিসেবে গ্রহণের পূর্বে জাতীয় আমদানী ও রপ্তানী ব্যুরো হতে ছাড়পত্র নেয়া হয়েছিল। লোকোমোটিভ সংগ্রহের বিষয়ে জাতীয় আমদানী ও রপ্তানী ব্যুরো হতে আমদানী ছাড়পত্রের প্রয়োজন হবে। এ বিষয়ে অতি: প্রধান নিয়ন্ত্রক, জাতীয় আমদানী ও রপ্তানী ব্যুরো জানান যে, উক্ত বিষয়ে অনুরোধ পত্র পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৭ সভায় লোকোমোটিভ হস্তান্তরের সময়ে দুই দেশের সীমান্তে দুই দেশের প্রতিনিধি দলের উপস্থিতি এবং লোকোমোটিভ সীমান্ত অতিক্রমের জন্য নিরাপত্তা ছাড়পত্র বিষয়ে আলোচনা করা হলে জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে পূর্বে যেহেতু নিরাপত্তা ছাড়পত্র নেওয়া হয় নাই, কাজেই এবারেও তা প্রয়োজন হবে না। তবে লোকোমোটিভ হস্তান্তরের পূর্বে জননিরাপত্তা বিভাগকে অবহিত করা হলে সংশ্লিষ্ট আইন শৃংখলা বাহিনীকে সহযোগীতা প্রদানের জন্য বলা হবে।

২.৮ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে লোকোমোটিভ হস্তান্তরে কোন আর্থিক সংশ্লেষ আছে কি না জানতে চাইলে যুগ্ম মহাপরিচালক (লোকো) সভাকে অবহিত করেন যে, ২০২০ সালে ভারতীয় রেলওয়ে হতে অনুদান হিসেবে লোকোমোটিভ গ্রহণ করার সময় কাস্টমস ডিউটি, ভ্যাট এবং ট্যাক্স মওকুফের জন্য জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হলেও তা মওকুফ করা হয়নি। জাতীয় রাজস্ব বোর্ডের ডেফার্ড পেমেন্ট এর অনুমতি গ্রহণ করে লোকোমোটিভ খালাস করা হয়েছিল। পরবর্তীতে উক্ত লোকোমোটিভ গ্রহণের জন্য কাস্টমস ডিউটি, ভ্যাট এবং ট্যাক্স বাবদ ৫৫.৯৪ কোটি টাকা জাতীয় রাজস্ব বোর্ডকে পরিশোধ করা হয়েছিল। সে আলোকে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ গ্রহণের জন্য উক্ত খাতে ১১২ কোটি টাকা বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, আমদানী ও রপ্তানীর ক্ষেত্রে সিডি ভ্যাট ও ট্যাক্স মওকুফ বিষয়ে সরকার কঠোর নীতি অনুসরণ করছে। কাজেই সিডি ভ্যাট ও ট্যাক্স মওকুফ বিষয়ে সিদ্ধান্ত পাওয়া অত্যন্ত কঠিন হতে পারে এবং উক্ত লোকোমোটিভ হস্তান্তর প্রক্রিয়া বিলম্বিত হতে পারে। বরং সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ সমীচীন হবে বলে মনে হয়।

২.৮ সভাপতি ২০টি ব্রডগেজ লোকোমোটিভ অনুদান গ্রহণ বিষয়ে পূর্বের ন্যায় একটি Memorendum of Understanding (MOU) স্বাক্ষরের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান যে, ২০টি ব্রডগেজ লোকোমোটিভ অনুদান হিসেবে গ্রহণের বিষয়ে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর ৫-৮ সেপ্টেম্বর, ২০২২ ভারত সফরের যৌথ বিবৃতির অনুচ্ছেদ ৩২ (ই) এ ঘোষণা রয়েছে। এ ব্যাপারে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে একটি Note Verbal ঢাকাস্থ ভারতের হাই কমিশনে প্রেরণ করা হয়েছে। কাজেই এ ব্যাপারে নতুন করে Memorendum of Understanding (MOU) প্রনয়ণ করা বিলম্ব হতে পারে।

৩. বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | লোকোমোটিভ এর স্পেসিফিকেশন নির্ধারণ | ভারতীয় রেলওয়ের প্রস্তাবিত লোকোমোটিভগুলোর Specification বাংলাদেশ রেলওয়ের অনুমোদিত MMD এর আলোকে নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের অনুমোদিত MMD এর আলোকে Specification এবং অন্যান্য বিষয়াদি যেমন, ইঞ্জিন মডেল, উৎপাদনের সাল, জ্বালানী ব্যয়, ডিজাইন স্পীড প্রভৃতি অত্যাবশকীয় বিষয়ের সঠিকতা যাচাই করে লোকোমোটিভ গ্রহণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ২। | পরিদর্শন টিম | লোকোমোটিভের কন্ডিশন সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদনের আলোকে লোকোমোটিভ গ্রহণ করা প্রয়োজন। সে আলোকে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি পরিদর্শন টিম গঠনের উপর বিস্তারিত আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয়ের ০১ জন এবং বাংলাদেশ রেলওয়ের ০৬(ছয়) সদস্যের সমন্বয়ে একটি কারিগরী টিম গঠন করতে হবে। টিম গঠনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাদের নামের তালিকা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৩। | আমদানী ছাড়পত্র | লোকোমোটিভ সংগ্রহের বিষয়ে জাতীয় আমদানী ও রপ্তানী ব্যুরো হতে আমদানী ছাড়পত্রের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | প্রধান নিয়ন্ত্রক, জাতীয় আমদানী ও রপ্তানী ব্যুরো দপ্তরে আমদানী ছাড়পত্রের জন্য পত্র প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৪। | কাস্টমস ডিউটি, ভ্যাট ও ট্যাক্স | কাস্টমস ডিউটি, ভ্যাট এবং ট্যাক্স পরিশোধের লক্ষ্যে ১১২ কোটি টাকা বাজেট বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে অনুরোধ জানানোর প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।<br>একই সাথে ডেফার্ড পেমেন্ট অনুমতির জন্য জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করার প্রয়োজনীয়তার উপর বিস্তারিত আলোচনা হয়। | ১১২ কোটি টাকা বাজেট বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>একই সাথে ডেফার্ড পেমেন্ট অনুমতির জন্য জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৫। | নিরাপত্তা ছাড়পত্র | লোকোমোটিভ হস্তান্তরের সময় দর্শনা স্থল বন্দর ষ্টেশনে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকল্পে বিস্তারিত আলোচনা হয়। | লোকোমোটিভ হস্তান্তরের সময় দর্শনা স্থল বন্দর ষ্টেশনে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য জননিরাপত্তা বিভাগকে পত্র প্রেরণ করা যেতে পারে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৬। | Memorendum of Understanding (MOU) | অনুদানের মাধ্যমে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ গ্রহণের বিষয়ে পূর্বের ন্যায় একটি Memorendum of Understanding (MOU) স্বাক্ষরের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | Memorendum of Understanding (MOU) এর আদলে বাংলাদেশ ও ভারতীয় রেলওয়ের মধ্যে একটি Technical Agreement প্রণয়ন করা যেতে পারে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | বিবিধ | লোকোমোটিভ হস্তান্তরের তারিখ, সময় ও আনুষ্ঠানিকতা বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে সরকারী পর্যায়ে আলাপ আলোচনা করে তারিখ ও সময় নির্ধারণ করা হবে। বাংলাদেশ রেলওয়ে ভারতীয় রেলওয়ের সাথে যোগাযোগ করে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে। | রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |

৪. অত:পর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল ইসলাম সুজন
মন্ত্রী

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৪১.১৮.০১৬.২০.৩১৪

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৯
২৪ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৫) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, এনএসসি টাওয়ার, ১৬ তলা, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।

৮) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

১০) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১১) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট;সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৪/১১/২২

আলমগীর হুছাইন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

পরিশিষ্ট-ক

**সভার বিষয়** ঃ **ভারত থেকে grant (অনুদান) হিসেবে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ সংগ্রহের লক্ষ্যে করণীয় চূড়ান্ত করার নিমিত্ত আন্ত:মন্ত্রণালয় সভা।**

**সভার সভাপতি** ঃ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

**সভার তারিখ, সময় ও স্থান** ঃ ২২ নভেম্বর, ২০২২; বেলা ১১: ৩০ টা, রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০)

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব | রেলপথ মন্ত্রণালয় | | [signature] 22/11/22 |
| ০২। | | | | |
| ০৩। | মো. ইয়াসীন<br>অতিরিক্ত সচিব<br>(উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | | [signature] 22/11/22 |
| ০৪। | আ.ন.ম আশরাফুল আলম<br>যুগ্মসচিব | রেলপথ মন্ত্রণালয় | | [signature] 22/11 |
| ০৫। | মুহাম্মদ মাহবুবুল হক<br>সচিবের একান্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01755500470 | [signature] 22/11/2022 |
| ০৬। | মো: [illegible]<br>যুগ্মসচিব | [illegible] বিভাগ | [illegible] | [signature] |
| ০৭। | মো: মনিরুজ্জামান<br>উপসচিব (মাননীয় মন্ত্রীর একান্ত সচিব) | রেলপথ মন্ত্রণালয় | 01755508471<br>psminister@[illegible] mor.gov.bd | [signature] 22/11/2022 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | মোহাম্মদ [illegible]<br>অতিঃ মহাপরিচালক (অর্থ) | ADG (F)<br>দপ্তর | | |
| ৯। | মোঃ তৌফিক ইমাম<br>উপসচিব | রেলপথ মন্ত্রণালয় | 01711669611 | 22/11/2022 |
| ১০। | মোহাম্মদ সাইফুল ইসলাম<br>পরিচালক/লোকো | বি রেঃ | 01711691638 | |
| ১১। | জেবুন্নেসা জেরী<br>উপ-পরিচালক (সমন্বয় সি) | বাংলাদেশ রেলওয়ে | 01711692966 | 22/11/22 |
| ১২। | মোঃ আবু হেলাল আহমেদ<br>সিনিয়র তথ্য অফিসার | MOR | 01711691053 | 22.11.22 |
| ১৩। | ড. মো. মহিউদ্দিন | BR | 01711596119 | |
| ১৪। | | | | |
| ১৫। | | | | |
| ১৬। | | | | |

**সভার বিষয়** ঃ ভারত থেকে grant (অনুদান) হিসেবে ২০টি ব্রডগেজ লোকোমোটিভ সংগ্রহের লক্ষ্যে করণীয় চূড়ান্ত করার নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় সভা।

**সভার সভাপতি** ঃ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

**সভার তারিখ, সময় ও স্থান** ঃ ২২ নভেম্বর, ২০২২; বেলা ১১: ৩০ টা, রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০)

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | D N Mazumder<br>Director General<br>Bangladesh Railway | Dhaka | | [signature] 22/11/2022 |
| ০২। | Md. Quamrul Ahsan<br>Addl. Director General<br>(Infrastructure)<br>BR | Dhaka | | [signature] 22/11/2022 |
| ০৩। | Md. Monjurul Alam Chy<br>ADG/RS | Dhaka | | [signature] 22/11 |
| ০৪। | Sardar Shahadat Ali<br>ADG/Operation. | Dhaka | 01711505310. | [signature] 22.11.22. |
| ০৫। | মো: জাহাঙ্গীর হোসেন<br>GM (East) | Ctg | 01711505308 | [signature] 22.11.22 |
| ০৬। | কামরুন নাহার<br>এস এ এন্ড সিএও / পূর্ব | ctg | 01711506104 | [signature] 22/11/22 |
| ০৭। | অসীম কুমার তালুকদার<br>মহাব্যবস্থাপক [পঃ] | RAJSHAHI | 01711505309 | [signature] 22/11/22 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ০৮। | মোঃ খায়রুল কবির মিয়া. প্রথম সচিব (কাস্টমস পলিসি) | NBR | 01745-898568 khairul_kabir 123@yahoo.com | |
| ৯। | Nandan Kumar Banik Add. Chief Controller | Office of the chief Controller of Imports & Exports (CCIE) | 01912611413 nandan11banik @gmail.com | 22-11-2022 |
| ১০। | Kakoli Saha Senior Assistant Secretary, SA-1 | MOFA | 01913502207 assa1@mofa.gov.bd | |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |
| ১৫। | | | | |
| ১৭। | | | | |